



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (ঢাকা, রংপুর, রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগের জন্য)

বুলেটিন নং ১০৬

প্রকাশের তারিখ: ২৯/১০/২০২৫

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী তিনদিন ঢাকা, রংপুর, রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এসময় বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

- বীজ বপন, চারা রোপণ ও ফসল সংগ্রহ স্থগিত রাখুন
- জমির চারপাশের আইল উঁচু করে দিন
- খানের জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন
- জমি থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাওয়ার জন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন
- সেচ, সার, বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন
- বৃষ্টিপাতের পর আগাম আলু ফসলে লেট ব্লাইট রোগ প্রতিরোধের জন্য ছত্রাকনাশক যেমন ডাইথেন এম-৪৫/ইন্ডোফিল এম-৪৫/সিকিউর অনুমোদিত মাত্রায় প্রয়োগ করুন।
- আগাম শীতকালীন সবজি যেমন শিম এর জমিতে জাব পোকের আক্রমণ দেখা দিতে। বৃষ্টিপাতের পর অনুমোদিত মাত্রায় বালাইনাশক প্রয়োগ করুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।

২৯/১০/২০২৫

(উম্মী আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে